

## প্রাথমিক পরবর্তী স্তরের শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ সম্ভব

স্টাফ রিপোর্টার : সুনির্দিষ্ট পরিকল্পনাধীনে প্রাথমিক পরবর্তী স্তরের শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ সম্ভব। শিক্ষার্থীর শিক্ষা-বার্ধ, পাঠদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন, শিক্ষকের প্রাপ্য অধিকার ও মর্যাদা নিশ্চিত করে সমন্বিত পর্যায়ভিত্তিক কর্মসূচী অনুযায়ী সুনির্দিষ্ট প্রস্তাবনা উপস্থাপন করে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। বিশিষ্ট শিক্ষাবিদগণ। গতকাল (মঙ্গলবার) বিকেলে জাতীয় প্রেসক্লাবে শিক্ষায় সংযোগ্যগঠিত জনগণের অধিকার প্রতিষ্ঠায় পরিকল্পিত উদ্যোগ গ্রহণের লক্ষ্যে জাতীয়করণ অপুরিহার্য ও বাস্তবায়নযোগ্য শিরোনামে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের উদ্যোগে অনুষ্ঠিত জাতীয় সেমিনারে তারা একথা বলেন।

অনুষ্ঠানে শিক্ষাবিদগণ বলেন, সুনির্দিষ্ট পরিকল্পনাধীনে সময়-সীমা নির্ধারণ করে প্রাথমিক পরবর্তী স্তরের শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ সম্ভব। শিক্ষার্থীর শিক্ষা-বার্ধ, পাঠদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন, শিক্ষকের প্রাপ্য অধিকার ও মর্যাদা নিশ্চিত করে সমন্বিত পর্যায়ভিত্তিক কর্মসূচী অনুযায়ী সুনির্দিষ্ট প্রস্তাবনা উপস্থাপন করে অর্থায়নের উৎস উল্লেখসহ এ বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃষ্টি আকর্ষণ করেন। তারা বলেন,

### -বিশিষ্ট শিক্ষাবিদগণ

অন্যেরা যা পারে না বলবত্বের কন্যা দেশের 'বার্ধে তা' করে ইতিমধ্যে বেশ কিছু দৃষ্টান্ত স্থাপন করেছেন। এক্ষেত্রেও তা সম্ভব।

এসময় সেমিনারে বক্তব্য রাখেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ডাইন-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাঈদ আহমদ, জাতীয় স্বাক্ষর বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সচিব মোঃ আব্দুল মজিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সাবেক চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ আবতালক্বামান, পেশাজীবী সমন্বয় পরিষদের মহাসচিব প্রফেসর ডা. কামরুল হাসান খান, বানুবেইসের সাবেক পরিচালক প্রফেসর শফিউল আলম, আমার অধিকার ক্যাম্পেইনের প্রতিনিধি এম. শহিদুল ইসলাম সহ দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, প্রাথমিক থেকে উচ্চ শিক্ষা স্তরের শিক্ষক-শিক্ষিকারী প্রতিনিধি এবং শিক্ষা উন্নয়নে নিয়োজিত বিভিন্ন বেসরকারি সংস্থার প্রতিনিধিবৃন্দ সেমিনারে অংশ নেন। ফ্রন্ট নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন মোঃ আজিজুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক, এসএমএ জাঙ্গিল, মোহাম্মদ আলী চৌধুরী, কাজী আব্দুল জতিফ, ইব্রাহীম বলিদ প্রমুখ। সেমিনারে মূল ধারণা-পত্র উপস্থাপন করেন অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ।